

কৃষি বিশ্ববিদ্যালয়ে সেশনজট

কোর্স শেষ করিতে দ্বিগুণ সময় লাগিতেছে

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪
বছরের অনার্স কোর্স শেষ করিতে ৬
হইতে ৭ বছর এবং এক বছরের
এম.এসসি কোর্স শেষ করিতে
২ হইতে ৩ বছর লাগিতেছে।
প্রতিটি সেশন শেষ করিতে ১২
মাস মাসের স্থলে ১৬ হইতে ২৪
সময় লাগিতেছে। শুধুমাত্র কৃষি
স্বার্থনীতি অনুযায়ী সেশনজট কিছুটা

কম। ৬টি অনুষদের ১ম বর্ষের ক্লাস
একই তারিখে শুরু হইলেও অনার্স
পাস করার সময়ে ব্যবধান হয়
১ হইতে ২ বছর। বর্তমানে নতুন
সেশনের ক্লাস শুরুর অপেক্ষায়
বসিয়া থাকিতে হয় এক হইতে দেড়
বছর। কোর্স শেষ করার পরে
পরীক্ষার অপেক্ষায় বসিয়া থাকিতে
হয় মাসের পর মাস। ৬ সপ্তাহের
(৫ম পৃ: ড:)

কৃষি বিশ্ববিদ্যালয়

(৩য় পৃ: পর)

মধ্যে ফল প্রকাশের কথা থাকিলেও
সেখানে ৩ হইতে ৪ মাস লাগে।
সেশনজটের কারণে সীট সমস্যা
ও প্রকট আকার ধারণ করিয়াছে।
বিশ্ববিদ্যালয়ের ৯টি আবাসিক
হলের মোট আসনসংখ্যা তিন
হাজার ১৭৬। বর্তমানে এমএসসি
সহ ৮টি সেশনে মোট ছাত্র-
ছাত্রী রহিয়াছে ৫২৪৭।